দৈনিক ইত্তেফাক

04 NOV 2016

তারিখ ... 05 NOV 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবির সাংবাদিকতা বিভাগের ১২ শিক্ষার্থীকে ল্যাপটপ প্রদান

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

তথ্য প্রযুক্তিতে দক্ষতা অর্জন এবং অ্যাকাডেমিক কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ১২ জন শিক্ষার্থীকে ল্যাপটপ প্রদান করা হয়েছে। গত বুধবার উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে এক অনুষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে এসব ল্যাপটপ তুলে দেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মফিজুর রহমান, অধ্যাপক ড. শেখ আবদুস সালাম, গণযোগাযোগ ও সাংবাদিকতা অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি আবু আলম মো. শহীদ খান ও বিভাগের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ।

পরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক ঢাকা বিশ্ববিদ্যালয় কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে 'অ্যানিমেশন ল্যাব' উদ্বোধন করেন।